

## উপজেলা সমাজকল্যাণ কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ২৮/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১২:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা সমাজসেবা অফিস, বাউফল, পটুয়াখালী

### উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মরিয়ম বেগম নিসু	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল	সভাপতি	স্বাক্ষরিত
২	এ.এন.এম জাহাঙ্গীর হোসেন	চেয়ারম্যান, দাসপাড়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	এস.এম ফয়সাল আহম্মেদ	চেয়ারম্যান, কালাইয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	মো: আনোয়ার হোসেন বাচ্চু	চেয়ারম্যান, সূর্যমণি ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	মো: মনিরুজ্জামান	উপজেলা সমাজসেবা অফিসার, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

### আলোচ্য বিষয়:

১. বয়স্ক ভাতা কার্যক্রম বর্ধিতকরন।

### আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অদ্যকার সভা উপজেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে সভাপতি মহোদয়কে এজেণ্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
সদস্য সচিব সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক ভাতা খাতে সদর উপজেলাধীন ১৫টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ১০% হারে বিভাজনকৃত ৫০০ (পাঁচশত) টি অতিরিক্ত কোটা পাওয়া গেছে। উক্ত কোটা পূরণের লক্ষ্যে ১৬ ইউনিয়নের চেয়ারম্যান বরাবরে তালিকা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। উক্ত পত্রের আলোকে নীতিমালা মোতাবেক রেজুলেশনের মাধ্যমে ১৬টি ইউনিয়ন হতে ৫০০ জনের মূল তালিকা সভায় উপস্থাপন করা হয়।	যথাসময়ে ভাতা বিতরণের কাজ সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা সমাজসেবা অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও  
সভাপতি

উপজেলা সমাজকল্যাণ কমিটি  
বাউফল, পটুয়াখালী।